# AKASHVANI (Kolkata)
# Regional News
# 17-08-2025
# Time:  7.50 P.M

বিশেষ বিশেষ খবরঃ-

১/ পশ্চিমবঙ্গ সহ অন্যান্য রাজ্যেও ভোটার তালিকায় 'বিশেষ নিবিড় সংশোধনী'-SIR হবে এবং সঠিক সময়ে তার দিনক্ষণ ঘোষণা করা হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

# বিজেপি, নির্বাচন কমিশনের বক্তব্যকে স্বাগত জানিয়েছে। অপরদিকে কংগ্রেস, কমিশনের বিরুদ্ধে পক্ষপাতের অভিযোগ তুলেছে।

২/ মেট্রো প্রকল্পের উদ্বোধন সহ বেশ কিছু কর্মসূচী নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী শুক্রবার কলকাতায় আসছেন।

৩/ হুগলীর খানাকুলে আজ তৃণমূল কংগ্রেস ও বিজেপির সংঘর্ষে উত্তেজনা ছড়ায়।

৪/ SSC-র নতুন নিয়োগ পরীক্ষায় না বসার দাবীতে আগামীকাল SSC ভবন অভিযানের ডাক দিয়েছে চাকরীহারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের একটি সংগঠন।

# ওই মিছিল থেকে পুলিশের ওপর হামলা হতে পারে বলে বিধাননগর পুলিশ কমিশনারেটের তরফে দাবী করা হয়েছে।

৫/ যুবভারতীতে, ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে আজ মোহনবাগান সুপারজায়ান্ট ও ইস্টবেঙ্গল পরস্পরের মুখোমুখি হয়েছে। # এর আগে ডুরান্ড কাপের অন্য খেলায় ডায়মন্ড হারবার FC জামশেদপুর FC-কে হারিয়ে সেমি ফাইনালে উঠেছে।

*********************************************************************

পশ্চিমবঙ্গ সহ অন্যান্য রাজ্যেও ভোটার তালিকায় 'বিশেষ নিবিড় সংশোধনী'-SIR হবে এবং সঠিক সময়ে তার দিনক্ষণ ঘোষণা করা হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। নতুন দিল্লিতে আজ দুই নির্বাচন কমিশনার ডক্টর সুখবীর সিং সান্ধু এবং ডক্টর বিবেক যোশীর উপস্থিতিতে এক সাংবাদিক বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেন, কমিশন কখনোই তার সাংবিধানিক দায়িত্বপালন থেকে পিছু হটবে না।

তিনি বলেন, কমিশন সর্বদা শ্রেণী-ধর্ম নির্বিশেষে, সব ভোটদাতাদের পাশে থাকবে। বিভিন্ন রাজনৈতিক দলের তরফে নির্বাচন কমিশনের বিরুদ্ধে ভোট লুটের যে অভিযোগ করা হচ্ছে, তার তীব্র ভাষায় নিন্দা করে তিনি বলেন, এক কোটির'ও বেশী সরকারি কর্মচারী, ১০ লক্ষের'ও বেশী বুথ স্তরের কর্মী এবং ২০ লক্ষের'ও বেশী পোলিং এজেন্ট, গত লোকসভা নির্বাচন প্রক্রিয়ার অংশ ছিলেন। তাই ভোটে কারচুপির অভিযোগ সর্বৈব মিথ্যে।

বিহারের ৭' কোটি ভোটদাতা যেখানে এই বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী-র পক্ষে রয়েছে, সে ক্ষেত্রে SIR-এর বিশ্বাসযোগ্যতা প্রশ্নাতীত বলেও উল্লেখ করেন মুখ্য নির্বাচন কমিশনার।

এদিকে, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, নির্বাচন কমিশনের সহায়তায় SIR-এর মাধ্যমে এরাজ্যে ত্রুটিমুক্ত ভোটার তালিকা তৈরী হবে।

অন্যদিকে, কংগ্রেস নেতা অধীর চৌধুরী নির্বাচন কমিশনের বিরুদ্ধে পক্ষপাতের অভিযোগ করেছেন। ( বাইট- অধীর EC )

*******************

নির্বাচন কমিশনের বুথ প্রতি সর্বোচ্চ ভোটার সংখ্যার নিয়ম বদলের জেরে রাজ্যে ১৩ হাজার ৮১৬টি ভোট বুথ বাড়তে চলছে।

রাজ্যের সমস্ত জেলা থেকে জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিকদের পাঠানো তালিকা অনুযায়ী এই তথ্য সামনে এসেছে। রাজ্যে বর্তমানে ভোট বুথের সংখ্যা ৮০ হাজার ৬৮১। জেলাশাসকদের পাঠানো তালিকা অনুযায়ী বর্তমান বুথ সংখ্যার সঙ্গে বর্ধিত বুথ যোগ হলে রাজ্যে মোট বুথের সংখ্যা দাঁড়াবে ৯৪ হাজার ৪৯৭। নিয়ম অনুযায়ী রাজ্যের এই বুথ বিন্যাসের নয়া তালিকা ইতিমধ্যেই স্বীকৃত রাজনৈতিক দলগুলোর কাছে পাঠিয়েছে রাজ্যে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। রাজনৈতিক দলগুলির মতামত জানতে সর্বদলীয় বৈঠক ডাকা হবে।

*******************

বেশ কিছু কর্মসূচী নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী শুক্রবার কলকাতায় আসছেন।
কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, যশোর রোড থেকে বিমানবন্দর পর্যন্ত মেট্রো রেল প্রকল্পের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী। ওই মেট্রো রেলে সফর'ও করবেন তিনি।
এরপর দমদম সেন্ট্রাল জেল ময়দানে প্রধানমন্ত্রী একটি সরকারি অনুষ্ঠানে অংশ নেবেন এবং শেষে 'পরিবর্তন সংকল্প যাত্রা' সভায় বক্তব্য রাখবেন।
সাংবাদিক বৈঠকে শমীক ভট্টাচার্য অভিযোগ করেন, জমি জটের কারণে রাজ্যে ৪৩টি রেল প্রকল্পের কাজ আটকে রয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের কেন্দ্র বিরোধিতার কারণেই এ'রাজ্যের মানুষ বঞ্চিত হচ্ছেন বলে তাঁর দাবী।
এদিকে, প্রধানমন্ত্রীর মেট্রো প্রকল্প উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য রেল মন্ত্রকের তরফে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে আমন্ত্রণ জানানো হয়েছে। রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবের তরফে পাঠানো আমন্ত্রণ পত্রে, রাজ্যে বর্তমানে কতগুলি রেল প্রকল্পের কাজ চলছে এওং তার জন্য কেন্দ্র সরকার কত টাকা বরাদ্দ করেছে, তার উল্লেখ রয়েছে।

*******************

হুগলীর খানাকুলে আজ তৃণমূল কংগ্রেস ও বিজেপির সংঘর্ষে গোটা এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। পরিস্থিতি সামাল দিতে গিয়ে আহত হন দুই পুলিশ কর্মী। এখনো পর্যন্ত এই ঘটনায় তিনজনকে আটক করা হয়েছে।
জানা গেছে, শাসক দলের তরফে এদিন পলাশপাই থেকে নতিবপুর পর্যন্ত একটি বাইক মিছিলের ডাক দেওয়া হয়। বলপাই এলাকায় মিছিল পৌঁছলে বিজেপির দলীয় কার্যালয় থেকে ইঁট ছোঁড়া হয় বলে তৃণমূলের অভিযোগ। ইঁটের আঘাতে বেশ কয়েকজন কর্মী সমর্থক আহত হয়েছেন বলে তাদের দাবী। অভিযোগ অস্বীকার করে বিজেপির পাল্টা দাবী, তাদের দলীয় কার্যালয় ভাঙচুর করা হয়েছে। প্রতিবাদে খানাকুলের রাজহাটিতে রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায় বিজেপি। বলপাই এলাকায় অবস্থান বিক্ষোভে বসে তৃণমূল কংগ্রেস। ঘটনাস্থলে মোতায়েন রয়েছে বিশাল পুলিশ বাহিনী।

********************

কোচবিহারের ডাওয়াগুড়িতে তৃণমূল কংগ্রেস নেতা অমর রায়ের খুনের ঘটনায় ধৃত বিনয় রায়কে আজ কোচবিহার জেলা আদালতে তোলা হলে, আট দিনের পুলিশ হেফাজত হয়েছে। আজ ভোররাতে অসম-বাংলা সীমান্ত থেকে ওই ব্যক্তিকে ধরা হয়। বিনয়ের কাছ থেকে উদ্ধার হয়েছে আগ্নেয়াস্ত্র ও গুলি। ধৃতের বিরুদ্ধে এর আগেও একাধিক অভিযোগ দায়ের হয়েছে। তৃণমূলের যুবনেতা অমরের সঙ্গে বিনয়ের পুরনো শত্রুতা ছিল বলে জানা গেছে। তবে এই খুনের পেছনে আরও অনেকেই জড়িত বলে পুলিশের দাবি।

********************

পশ্চিম  বর্ধমানের বিধাননগর হাডকো মোড়ে একটি বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের নির্মীয়মান ভবনের চাদ থেকে পড়ে এক ঠিকা শ্রমিকের মৃত্যুকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। ক্ষতিপূরণের দাবিতে কলেজের গেট আটকে বিক্ষোভ দেখান মৃতের পরিবার পরিজন ও দুর্গাপুর সংখ্যালঘু সামাজিক কর্মী সংগঠনের সদস্যরা। তাঁদের অভিযোগ, ক্ষতিপূরণ দেওয়ার ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ ও ঠিকাদার সংস্থা- কেউই গুরুত্ব দিচ্ছে না।
উল্লেখ্য, বুদবুদের বাসিন্দা শেখ হায়দার আলী নামে বছর ২৫-এর ওই ব্যক্তি গত ৮'তারিখ কাজ করার সময় চারতলা থেকে নীচে পড়ে যান। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গতকাল তাঁর মৃত্যু হয়।

********************

নতুন করে নিয়োগ পরীক্ষা না দেওয়ার দাবিতে আগামীকাল এসএসসি ভবন অভিযানের ডাক দিয়েছে চাকরিহারা শিক্ষক ও শিক্ষা কর্মীদের একটি সংগঠন। ওই কর্মসূচি থেকে পুলিশের উপর হামলা চালানো হতে পারে বলে বিধাননগর পুলিশ কমিশনারেটের  তরফে আজ এক সাংবাদিক বৈঠকে যে দাবি করেছে, তা অস্বীকার করে নিজেদের কর্মসূচিতে অনড় রয়েছেন তাঁরা।

********************

পশ্চিম মধ্য এবং উত্তর পূর্ব বঙ্গোপসাগরে তৈরি নিম্নচাপের সরাসরি প্রভাব এরাজ্যে না পড়লেও উত্তরবঙ্গের সবকটি জেলাতেই আগামী চার পাঁচ দিন বিক্ষিপ্তভাবে মাঝারি থেকে ভারী বৃষ্টির পূর্বাভাস। জলপাইগুড়ি কালিম্পং আলিপুরদুয়ার এবং মালদা জেলায় আজ  হলুদ সর্তকতা জারি রয়েছে।

এদিকে দক্ষিণবঙ্গের বীরভূম, মুর্শিদাবাদ, নদীয়া, উত্তর ও  দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায় আজ বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা। সঙ্গে বইবে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হওয়া।

আগামী ২০ তারিখ পর্যন্ত মৎস্যজীবীদের ওড়িশা উপকূলের দিকে যেতে নিষেধ করা হয়েছে।

********************

ইস্টবেঙ্গল ও মোহনবাগান সুপারজায়ান্ট আজ সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে পরস্পরের মুখোমুখি হয়েছে।

একটু আগে পাওয়া খবরে জানা গেছে, বিরতিতে ইস্টবেঙ্গল এক গোলে এগিয়ে রয়েছে।

এই ম্যাচকে ঘিরে দুই দলের সমর্থকদের মধ্যে ব্যাপক উন্মাদনার সৃষ্টি হয়েছে। যুবভারতী স্টেডিয়াম পরিপূর্ণ।

ডায়মন্ড হারবার FC, ১৩৪-তম   ডুরান্ড কাপ ফুটবলের সেমিফাইনালে উঠেছে। জামশেদপুরে  জেআরডি স্পোর্টস কমপ্লেক্সে আজ কোয়ার্টার ফাইনালে তারা ২-০ গোলে জামসেদপুর এফ সি কে হারিয়ে দিয়েছে। সাইরুয়াতকিমা দুটি গোলই করেছেন। এবারই প্রথমবার ডুরান্ড কাপ খেলতে এসে ডায়মন্ড হারবার এফসি শেষ চারে পৌঁছলো।

********************

দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও আজ বিভিন্ন জায়গায় উদ্‌যাপিত হচ্ছে নন্দ উৎসব।

উত্তর দিনাজপুরের করণদিঘীতে রাজবংশী সম্প্রদায় মানুষরা এদিন নারকেল খেলা ও হাড়িভাঙ্গা কর্মসূচীতে অংশ নেন।

দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপে আয়োজিত বিশেষ শোভাযাত্রার আয়জন করা হয়।

নদীয়ার মায়াপুর ইস্কনেও, সকাল থেকে চলছে বিশেষ পুজার্চনা। এই উপলক্ষ্যে বহু ভক্ত সমাগম হয়েছে সেখানে।

এদিকে, শ্রাবণ মাসের সংক্রান্তিতে আজ প্রাচীন রীতি মেনে চলছে মনসা পুজো।

**********************************************************************